দৈনিক বাংলা

তারিখ 26/8/78 … পৃষ্ঠা 8 … কলাম 4 …

102

# সঙ্গীত কলেজের অধ্যক্ষা পদে লায়লা আর্জুমান্দ বানু

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সঙ্গীত শিল্পী বেগম লায়লা আর্জুমান্দ বানু সঙ্গীত মহাবিদ্যালয়ের নতুন অধ্যক্ষা নিযুক্ত হয়েছেন। তিনি প্রাক্তন অধ্যক্ষ শচী বারীণ মজুমদারের স্থলাভিষিক্ত হলেন। বেগম লায়লা আর্জুমান্দ বানুর নিয়োগ ১৪ই আগস্ট থেকে কার্যকর হবে।

বেগম বানু বাংলাদেশ সরকারের ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরীর স্ত্রী। তিনি বিশিষ্ট ঐতিহাসিক মরহুম সৈয়দ মোহাম্মদ তৈফুর এবং বিশিষ্ট সমাজকর্মী বেগম সারা তৈফুরের কন্যা।

মিসেস বানু ওস্তাদ গুল মোহাম্মদ খানের বিশেষ তত্ত্বাবধানে ২০ বছর ধরে উচ্চাঙ্গ সঙ্গীতে শিক্ষালাভ করেন। উচ্চাঙ্গ সঙ্গীতের জন্যই পরে তিনি দেশ-বিদেশে খ্যাতি অর্জন করেন।

তিনি ১৯৪৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ডিস্টিংশনসহ স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ হন। ১৯৩৯ সালে তিনি তৎকালীন অল ইন্ডিয়া রেডিওতে নিয়মিত শিল্পী হিসেবে যোগ দেন। তিনিই প্রথম মুসলিম মহিলা বেতার শিল্পী।